

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪২৭

১/ বিবিধ

আরবী

من قال: لا إله إلا الله قبل كل شيء، ولا إله إلا الله بعد كل شيء، ولا إله إلا الله يبقي
ويفني كل شيء، عوفي من الهم والحزن
موضوع

أخرجه الطبراني في " المعجم الكبير " (ج 3 ق 93 و 1) عن العباس، يعني ابن بكار
الضبي، حدثنا أبو هلال، عن قتادة، عن سعيد بن المسيب، عن ابن عباس مرفوعا
قلت: وهذا إسناد موضوع، العباس هذا، قال الدارقطني: كذاب
وساق له الذهبي حديثين، قال: إنهما باطلان، وسيأتي أحدهما برقم (2688) واتهمه
الحافظ بوضع الحديث الآتي: وفي " المجمع " (10 / 137) : رواه الطبراني، وفيه
العباس بن بكار وهو ضعيف، وثقه ابن حبان
قلت: لم يذكر الذهبي في " الميزان " ولا الحافظ في " اللسان " توثيق ابن حبان له،
فأله أعلم

فإن صح ذلك، فالجرح المفسر مقدم على التعديل كما هو معروف في المصطلح
وبخاصة إذا كان المعدل معروفا بالتساهل، كابن حبان
ثم رأيت في " ثقاته " (8 / 512) ، وقال
وكان يغرب، حديثه عن الثقات لا بأس به

وبمقابلة كلامه بما زاده في " اللسان " على " الميزان " تبين لي أن الحافظ قد نقل
كلام ابن حبان المذكور في " اللسان "، لكن وقع فيه خطأ: " وقال المؤلف.... " مكان

قوله: وقال ابن حبان

ثم تناقض ابن حبان، فأورد العباس هذا في "ضعفائه" أيضا (2 / 190)
 وشيخه أبو هلال اسمه محمد بن سليم الراسبي، فيه لين قال أحمد
 يحتمل حديثه إلا أنه يخالف في قتادة

বাংলা

৪২৭। যে ব্যক্তি সব কিছুর পূর্বে লা-ইলাহা ইল্লাল্লাহ বলবে এবং সব কিছুর পরে লা-ইলাহা ইল্লাল্লাহ ও লা-ইলাহা ইল্লাল্লাহ ইউবকী ওয়া ইউফনী কুল্লা শাইয়ীন বলবে, তাকে চিন্তা-ভাবনা হতে নিরাপদে রাখা হবে।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৩/কাফ ৯৩/১) আব্বাস ইবনু বাক্কার দব্বী হতে ... বর্ণনা করেছেন।

দারাকুতনী বলেনঃ তিনি মিথ্যুক। অতঃপর যাহাবী তার দুটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ হাদীস দুটি বাতিল। দু’টির একটি ২৬৮৮ নাম্বারে আসবে। হাফিয় ইবনু হাজার তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। "আল-মাজমা" গ্রন্থে (১০/১৩৭) এসেছে তাবারানী হাদীসটি বর্ণনা করেছেন। তাতে আব্বাস ইবনু বাক্কার রয়েছে, তিনি দুর্বল। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী “আল-মীযান” গ্রন্থে এবং হাফিয় ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে ইবনু হিব্বান কর্তৃক নির্ভরযোগ্য বলা কথাটি উল্লেখ করেননি। যদি তার কথা সঠিকই হয় তাহলে ব্যাখ্যাকৃত দোষারোপ অগ্রাধিকার পাবে নির্দোষের পূর্বে।

ইবনু হিব্বান তাকে “আস-সিকাত” গ্রন্থে (৮/৫১২) উল্লেখ করে বলেছেনঃ তিনি গরীব বর্ণনা করেছেন। নির্ভরশীলদের উদ্ধৃতিতে তার হাদীসে অসুবিধা নেই। ইবনু হিব্বান আব্বাসকে "আয-যুয়াফা" গ্রন্থেও (২/১৯০) উল্লেখ করেছেন! তার শাইখ আবু হিলাল যার নাম মুহাম্মাদ ইবনু সুলাইম রাসেবী, তার মধ্যেও দুর্বলতা রয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68012>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন